দৈনিক বাংলা

# মাধ্যমিক বিদ্যালয়ে '৮৭ সালের শিক্ষাবর্ষ : ৮৫ দিন ছুটি

।। শওকত আনোয়ার ।।

দেশের মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ১৯৮৭ সালে শুক্রবারের সাপ্তাহিক ছুটি ছাড়া মোট ছুটি থাকবে ৮৫ দিন।

বিদ্যালয় পরিদর্শনকে কেন্দ্র করে এরপর আর কোন ছুটি মঞ্জুর করা যাবে না।

জানা গেছে, চলতি ডিসেম্বর মাসের ছয় তারিখে শিক্ষা মন্ত্রণালয় ১৯৮৭ সালের জন্য মাধ্যমিক বিদ্যালয়সমূহের একটি শিক্ষাবর্ষ প্রণয়ন করেছেন।

এই শিক্ষাবর্ষে ছুটির তালিকায় ৩রা ফেব্রুয়ারী শ্রীপঞ্চমী, ২১শে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস, ৭ই মার্চ থেকে ২১শে মার্চ পর্যন্ত ১৩ দিন এসএসসি পরীক্ষা, ২৬শে মার্চ স্বাধীনতা দিবস, ২৮শে মার্চ শব-এ-মেরাজ,

(৫-এর পৃঃ দ্রঃ)

পূর্ণিমা), ২রা আগস্ট হতে ১৬ই আগস্ট ১৩ দিন ঈদুল আজহা ও জন্মাষ্টমী, ২৭শে আগস্ট হিজরী নববর্ষ, ৫ই সেপ্টেম্বর আশুরা, ২৯শে সেপ্টেম্বর হতে ৬ই অক্টোবর সাতদিন দুর্গা পূজা ও লক্ষ্মী পূজা, ২১শে অক্টোবর আখেরী চাহার শম্বা, ৫ই নভেম্বর ঈদে-মিলাদুন্নবী, ৭ই নভেম্বর জাতীয় সংহতি দিবস, ৩রা ডিসেম্বর একদিন ফাতেহা-এ-ইয়াজদহম, ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস, ২৪শে ডিসেম্বর হতে ৩১শে ডিসেম্বর সাত দিন শুভ বড় দিন ও শীতকালীন এবং প্রধান শিক্ষকের ক্ষমতায় একদিন। মোট ৮৫ দিন ছুটি ঘোষণা করা হয়েছে।

মাধ্যমিক বিদ্যালয়সমূহের জন্যে প্রণীত আসন্ন শিক্ষাবর্ষে ৬ই এপ্রিল থেকে ১৪ই এপ্রিলের মধ্যে প্রথম টার্ম পরীক্ষা, ২৩শে জুলাই থেকে ৩০শে জুলাই-এর মধ্যে দ্বিতীয় টার্ম পরীক্ষা ও এসএসসি পরীক্ষার্থীদের জন্য প্রি-টেস্ট, ২৫শে নবেম্বর থেকে ২রা ডিসেম্বরের মধ্যে এসএসসি টেস্ট এবং ২রা ডিসেম্বর থেকে ১০ই ডিসেম্বরের মধ্যে প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণীর বার্ষিক পরীক্ষা গ্রহণ করতে হবে।

জানুয়ারীর প্রথম সপ্তাহের মধ্যেই স্বাভাবিক ক্লাস শুরু করতে হবে এবং কোন অবস্থায়ই ৮ই জানুয়ারীর পর ক্লাস শুরু করা যাবে না।

যেসব উৎসব চাঁদ দেখার ওপর নির্ভরশীল সেক্ষেত্রে ছুটির সামান্য রদবদল করা যাবে। উল্লেখ্য যে পয়লা জানুয়ারী থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত হচ্ছে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষাবর্ষ।